# অধ্যায়-১০ : আর্থিক বিবরণী

**২৮১. যদি বিক্রিত পণ্যের ব্যয় ২০,০০০ টাকা এবং বিক্রয়ের ওপর মুনাফার হার ১০% হয় তবে বিক্রয়লব্ধ অর্থের পরিমাণ কত?**

ক ২২,০০০ টাকা খ ২২,৫০০ টাকা
গ ১৮,০০০ টাকা ঘ ২২,২২২.২২ টাকা **ঘ**

**২৮২. তারল্যের অনুপাত কোনটি?**

ক $\frac{\text{চলতি দায়} - (\text{মজুদ পণ্য} + \text{অগ্রিম খরচ})}{\text{চলতি সম্পত্তি}}$

খ $\frac{\text{চলতি সম্পত্তি} + (\text{মজুদ পণ্য} - \text{অগ্রিম খরচ})}{\text{চলতি দায়}}$

গ $\frac{\text{চলতি সম্পত্তি}}{\text{চলতি দায়}}$

ঘ $\frac{\text{চলতি সম্পত্তি} - (\text{মজুদ পণ্য} + \text{অগ্রিম খরচ})}{\text{চলতি দায়}}$ **ঘ**

**২৮৩. অপরিচালন আয় —** *(অনুধাবন)*

i. বিনিয়োগের সুদ ii. বিক্রয়
iii. শিক্ষানবিশ সেলামি

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **খ**

**২৮৪. আর্থিক বিবরণীর ধাপ কোনটি?** *(জ্ঞান)*

ক ক্রয়-বিক্রয় হিসাব
খ লাভ-লোকসান হিসাব
গ নগদ বিবরণী
ঘ আর্থিক অবস্থার বিবরণীতে ব্যবহৃত প্রয়োজনীয় নোট ও গুরুত্বপূর্ণ হিসাবের নীতিমালা **ঘ**

**২৮৫. আর্থিক বিবরণীর সাধারণত কয়ভাগে ভাগ করা যায়?** *(জ্ঞান)*

ক আট ভাগে খ সাত ভাগে
গ পাঁচ ভাগে ঘ তিন ভাগে **গ**

**২৮৬. যদি বিক্রিত পণ্যের ব্যয় ১৯,২০০ টাকা এবং বিক্রয়ের ওপর মুনাফার হার ২০% হয় তবে বিক্রয়লব্ধ অর্থের পরিমাণ কত?** *(প্রয়োগ)*

ক ২৫,০০০ টাকা খ ২২,০০০ টাকা
গ ২৪,০০০ টাকা ঘ ২৩,০০০ টাকা **গ**

**২৮৭. সেবাদানকারী প্রতিষ্ঠানের জন্যে সঠিক —**

i. পণ্য ক্রয়-বিক্রয় করে না
ii. সেবা প্রদান করে
iii. মুনাফা অর্জন করে

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

**২৮৮. একটি প্রতিষ্ঠানে বিশদ আয় বিবরণীর মাধ্যমে জানা যায় —** *(অনুধাবন)*

i. পরিচালন মুনাফা ii. মোট মুনাফা
iii. অপরিচালন নিট আয়/ব্যয়

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

**উদ্দীপকটি পড়ো এবং ২৮৯-২৯০ নং প্রশ্নের উত্তর দাও।**

জনাব মোমিনের ৩১-১২-২০১২ তারিখে নতুন কুঋণের পরিমাণ ৩,০০০ টাকা, বিবিধ দেনাদারের পরিমাণ ৩০,০০০ টাকা, অবশিষ্ট দেনাদারের ওপর ৫% হারে কু-ঋণ সঞ্চিতি এবং ২% হারে বাট্টা সঞ্চিতি রাখতে হবে।

**২৮৯. জনাব মোমিনের বাট্টা সঞ্চিতির পরিমাণ কত?**

ক ৩১৩ টাকা খ ৫১৩ টাকা
গ ৫৪০ টাকা ঘ ৬০০ টাকা **খ**

**২৯০. জনাব মোমিনের বিশদ আয় বিবরণীতে পরিচালন ব্যয় হিসাবে কত টাকা হিসাবভুক্ত হবে?** *(প্রয়োগ)*

ক ১,৮৬৩ টাকা খ ২,১০০ টাকা
গ ৪,৮৬৩ টাকা ঘ ৫,০১৩ টাকা **গ**

**২৯১. বিশদ আয় বিবরণী প্রস্তুতের উদ্দেশ্য হলো**

i. মালিকের দাবির পরিমাণ নির্ণয়
ii. নিট লাভের পরিমাণ নির্ণয়
iii. নিট ক্ষতির পরিমাণ নির্ণয়

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

Teachingbd.com

http://teachingbd.com

**২৯২. অনাদায়ী পাওনা সঞ্চিতি কোন ধরনের হিসাব?**
ক) ব্যক্তিবাচক হিসাব
খ) অব্যক্তি বাচক হিসাব
গ) নামিক হিসাব
ঘ) সম্পত্তিবাচক হিসাব **গ**

**২৯৩. ব্যবসায়ের পণ্য আনায়নের জাহাজ ভাড়া কোন ধরনের লেনদেন?** *(জ্ঞান)*
ক) মুনাফা জাতীয়
খ) মূলধন জাতীয়
গ) বিলম্বিত মুনাফা জাতীয়
ঘ) ব্যবসায় পরিচালনা **ক**

**২৯৪. বিক্রয়কৃত পণ্যের পরিবহন খরচকে কী বলা হয়?** *(জ্ঞান)*
ক) পরিবহন খরচ
খ) আন্তঃমুখী পরিবহন খরচ
গ) বহির্মুখী পরিবহন খরচ
ঘ) যৌথ খরচ **গ**

**২৯৫. 'শিক্ষানবিশ সেলামি' কী?** *(জ্ঞান)*
ক) প্রত্যক্ষ পরিচালন আয়
খ) পরোক্ষ অপরিচালন আয়
গ) বিলম্বিত আয়
ঘ) প্রত্যক্ষ অপরিচালন আয় **খ**

**২৯৬. নিট মুনাফা নির্ণয়ের সূত্র কোনটি?** *(জ্ঞান)*
ক) মোট মুনাফা যোগ অপরিচালন নিট আয়
খ) পরিচালন মুনাফা বাদ অপরিচালন আয়
গ) পরিচালন মুনাফা যোগ অপরিচালন নিট আয়
ঘ) মোট মুনাফা যোগ পরিচালন আয় বাদ পরিচালন ব্যয় **গ**

**২৯৭. নিচের কোনটি প্রত্যক্ষ খরচ?** *(জ্ঞান)*
ক) ভাড়া খ) শুল্ক
গ) অফিস খরচ ঘ) কমিশন **খ**

**২৯৮. স্বল্পকালীন স্থায়ী এবং দ্রুত নগদ অর্থে রূপান্তরযোগ্য সম্পত্তিকে কী বলা হয়?**
ক) স্থায়ী সম্পত্তি খ) চলতি সম্পত্তি
গ) ক্ষণস্থায়ী সম্পত্তি ঘ) অদৃশ্য সম্পত্তি **খ**

**২৯৯. কোনটি চলতি সম্পত্তি?** *(অনুধাবন)*
ক) অর্জিত দালালি খ) প্রদেয় দালালি
গ) দেয় ভাড়া ঘ) অগ্রিম উপভাড়া **ক**

**৩০০. বিলম্বিত বিজ্ঞাপন দেখানো হবে —** *(অনুধাবন)*
i. বিশদ আয় বিবরণীতে বিজ্ঞাপন হতে বাদ দিয়ে
ii. আর্থিক অবস্থার বিবরণীর দায়ের দিকে
iii. আর্থিক অবস্থার বিবরণীর সম্পত্তির দিকে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii **খ**

**৩০১. সাধারণ সঞ্চিতি ও কুঋণ সঞ্চিতি —** *(অনুধাবন)*
i. একই কথা নয়
ii. দেনাদারের উপর ধার্য করতে হয়
iii. মুনাফার বিপরীতে চার্জ করতে হয়
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii **খ**

**৩০২. অপরিচালন আয়ের উদাহরণ —** *(অনুধাবন)*
i. স্থায়ী সম্পদ বিক্রয় হতে মুনাফা
ii. ব্যাংক জমাতিরিক্তের সুদ
iii. উপভাড়া
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii **খ**

**৩০৩. সম্পত্তির অবচয়ের কারণ —** *(অনুধাবন)*
i. ব্যবহারজনিত মূল্যহ্রাস
ii. সময় অতিক্রান্ত হওয়া
iii. দুর্ঘটনা জনিত মূল্যহ্রাস
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii **ক**

**উদ্দীপকটি পড়ো এবং ৩০৪-৩০৫ নং প্রশ্নের উত্তর দাও।**
রীনা ট্রেডার্সের ২০১২ সালের ৩১ ডিসেম্বর তারিখে মনিহারির পরিমাণ ৩,৫০০ টাকা যার মধ্যে ৫০০ টাকা মূল্যের অব্যবহৃত মনিহারি অন্তর্ভুক্ত ছিল।

http://teachingbd.com

৩০৪. সংশ্লিষ্ট বছরে রীনা ট্রেডার্সের মনিহারি বাবদ খরচের পরিমাণ কত? (প্রয়োগ)
ক ৫০০ টাকা খ ৩,০০০ টাকা
গ ৩,৫০০ টাকা ঘ ৪,০০০ টাকা **খ**

৩০৫. রীনা ট্রেডার্সের ব্যবসায়ে ৫০০ টাকা হিসাবভুক্তির ফলে কী হবে? (উচ্চতর দক্ষতা)
ক নিট লাভ বৃদ্ধি খ নিট লাভ হ্রাস
গ মোট লাভ বৃদ্ধি ঘ মোট লাভ হ্রাস **ক**

**উদ্দীপকটি পড়ো এবং ৩০৬-৩০৭ নং প্রশ্নের উত্তর দাও।**
দেনাদার ২০,০০০ টাকা, নতুন কুঋণ-৩০০০ টাকা, সঞ্চিতি ৫% বাট্টা সঞ্চিতি ২%

৩০৬. বাট্টা সঞ্চিতির পরিমাণ কত? (প্রয়োগ)
ক ৪০৫ খ ৪৫০
গ ৩২৩ ঘ ২৩৩ **গ**

৩০৭. প্রকৃত দেনাদারের পরিমাণ কত? (প্রয়োগ)
ক ২০,০০০ খ ১৭,০০০
গ ১৫৮২৭ ঘ ১৬১৫০ **গ**

৩০৮. কখন স্বত্বাধিকার বৃদ্ধি পায়? (জ্ঞান)
ক আয় বৃদ্ধি পেলে খ ক্ষতি হলে
গ ব্যয় বৃদ্ধি পেলে ঘ দায় বৃদ্ধি পেলে **ক**

৩০৯. নিট লাভ কোথায় স্থানান্তর করা হয়? (জ্ঞান)
ক আর্থিক অবস্থার বিবরণীতে সম্পত্তির সাথে যোগ
খ মালিকানাস্বত্ব বিবরণীতে মূলধনের সাথে যোগ
গ বিশদ আয় বিবরণীতে ব্যয়ের দিকে
ঘ আর্থিক অবস্থার বিবরণীতে দায়ের দিকে **খ**

৩১০. মালিকানা স্বত্বের পরিমাণ হ্রাস পাবে —
i. ব্যাংক হতে মালিকের জন্য ২,০০০ টাকা উত্তোলন
ii. ৫,০০০ টাকার পণ্য ক্রয়
iii. বাকিতে পণ্য বিক্রয় ৮,০০০ টাকা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **ক**

৩১১. প্রতিষ্ঠানের আর্থিক অবস্থা প্রকাশের স্বীকৃত মাধ্যম কোনটি? (জ্ঞান)
ক আয়-ব্যয় হিসাব খ ক্রয়-বিক্রয় হিসাব
গ লাভ-ক্ষতি হিসাব
ঘ আর্থিক অবস্থার বিবরণী **ঘ**

৩১২. মুমু ট্রেডার্সের খাতায় মিতা ব্রাদার্স হিসাবটির ডেবিটের তুলনায় ক্রেডিটের টাকার পরিমাণ ১৫,০০০ কম। এ পার্থক্য দ্বারা মুমু ট্রেডার্সের —
i. সম্পদ বোঝায় ii. দায় নির্দেশ করে
iii. পাওনা বোঝায়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **খ**

৩১৩. নিচের কোনটি অনিয়মিত ও দীর্ঘস্থায়ী ফল দেয়? (অনুধাবন)
ক দালান নির্মাণ ব্যয়
খ যন্ত্রপাতি ক্রয় পরিবহন খরচ
গ আমদানি শুল্ক ঘ পণ্য ক্রয় **ক**

৩১৪. মালিক কর্তৃক সরবরাহকৃত মূলধন ব্যবসায়ের কী? (জ্ঞান)
ক দায় খ সম্পত্তি
গ আয় ঘ লাভ **ক**

৩১৫. সুনাম ও ট্রেডমার্ক কোন ধরনের সম্পত্তি? (জ্ঞান)
ক চলতি খ অদৃশ্যমান
গ দৃশ্যমান ঘ স্পর্শনীয় **খ**

৩১৬. কোনটি স্বল্পমেয়াদি দায়? (জ্ঞান)
ক ঋণপত্র খ বন্ধকী ঋণ
গ মূলধন ঘ প্রদেয় বিল **ঘ**

৩১৭. ব্যবসায়ের অস্পর্শনীয় সম্পদ হলো — (অনুধাবন)
i. সুনাম ii. অবচয়
iii. পেটেন্ট
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii **খ**

৩১৮. সমাপনী মজুদের বাজার মূল্য এবং ক্রয় মূল্যের মধ্যে যেটি কম সেটি লিপিবদ্ধ করা হয় কোন নীতি অনুযায়ী? (জ্ঞান)
ক রক্ষণশীলতার খ বস্তুনিষ্ঠতা
গ ক্রয় মূল্য ঘ চলমান প্রতিষ্ঠান **ক**

৩১৯. ৫ বছরের জন্য ৪,০০,০০০ টাকা বিজ্ঞাপন ব্যয় করা হলে কত অংশ বিলম্বিত? (প্রয়োগ)
ক ২/৫ খ ১/৫
গ ৩/৫ ঘ ৪/৫ **ঘ**

৩২০. নিট মুনাফার হার নির্ণয়ের সূত্র কোনটি? (জ্ঞান)
ক $\frac{\text{নিট মুনাফা}}{\text{মোট বিক্রয়}} \times ১০০$ খ $\frac{\text{মোট মুনাফা}}{\text{নিট বিক্রয়}} \times ১০০$
গ $\frac{\text{নিট মুনাফা}}{\text{নিট বিক্রয়}} \times ১০০$ ঘ $\frac{\text{মোট মুনাফা}}{\text{মোট বিক্রয়}} \times ১০০$ **গ**

Teachingbd.com